# সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৮০৫

৭. মন গলানো সুমিষ্ট উপদেশমালা (كِتَابُ الرَّقَائِقِ)

পরিচ্ছেদঃ আল্লাহর সেসব নামসমূহের বিস্তারিত বিবরণ, যার মুখস্থকারী (অর্থ অনুধাবনকারী এবং এসব নামের দাবি অনুসারে আমলকারী) কে তিনি জান্নাতে প্রবেশ করাবেন

## ذِكْرُ تَفْصِيلِ الْأَسَامِي الَّتِي يُدْخِلُ اللَّهُ مُحْصِيهَا الجنة

আরবী

805 ـ أَخْبَرَنَا الْحَسَنُ بْنُ سُفْيَانَ وَمُحَمَّدُ بْنُ الْحَسَنِ بْنِ قُتَيْبَةَ وَمُحَمَّدُ بْنُ أَحْمَدَ بْنِ عُبَيْدِ بْنِ فَيَّاضٍ بِدِمَشْقَ واللفظ للحسن قالو: حَدَّثَنَا صَفْوَانُ بْنُ صَالِحٍ الثَّقَفِيُّ قَالَ: حَدَّثَنَا الْوَلِيدُ بْنُ مُسْلِمٍ قَالَ: حَدَّثَنَا شُعَيْبُ بْنُ أَبِي حَمْزَةَ قَالَ: حَدَّثَنَا أَبُو الزِّنَادِ عَنِ الْأَعْرَجِ عَنْ أَبِي هُرَيْرَةَ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: (إِنَّ لِلَّهِ تسعة وتسعين اسماً مئة إِلَّا وَاحِدًا إِنَّهُ وِتْرٌ يُحِبُّ الْوِتْرَ مَنْ أَحْصَاهَا دَخَلَ الْجَنَّةَ هُوَ اللَّهُ الَّذِي لَا إِلَهَ إِلَّا هُوَ الرَّحْمَنُ الرَّحِيمُ الْمَلِكُ الْقُدُّوسُ السَّلَامُ الْمُؤْمِنُ الْمُهَيْمِنُ الْعَزِيزُ الْجَبَّارُ الْمُتَكَبِّرُ الْخَالِقُ البارىء الْمُصَوِّرُ الْغَفَّارُ الْقَهَّارُ الْوَهَّابُ الرَّزَّاقُ الفتّاح الْعَلِيمُ الْقَابِضُ الْبَاسِطُ الْخَافِضُ الرَّافِعُ الْمُعِزُّ الْمُذِلُّ السَّمِيعُ الْبَصِيرُ الْحَكَمُ الْعَدْلُ اللَّطِيفُ الْخَبِيرُ الْحَلِيمُ الْعَظِيمُ الْغَفُورُ الشَّكُورُ الْعَلِيُّ الْكَبِيرُ الْحَفِيظُ الْمُقِيتُ الْحَسِيبُ الْجَلِيلُ الْكَرِيمُ الرَّقِيبُ الْوَاسِعُ الْحَكِيمُ الْوَدُودُ الْمَجِيدُ المجيب الباعث الشهيد الحي الوكيل القوي المتين الولي الحميد المحصي المبدىء الْمُعِيدُ الْمُحْيِي الْمُمِيتُ الْحَيُّ الْقَيُّومُ الْوَاجِدُ الْمَاجِدُ الْوَاحِدُ الْأَحَدُ الصَّمَدُ الْقَادِرُ الْمُقْتَدِرُ الْمُقَدِّمُ الْمُؤَخِّرُ الْأَوَّلُ الْآخِرُ الظَّاهِرُ الْبَاطِنُ الْمُتَعَالِ الْبَرُّ التَّوَّابُ الْمُنْتَقِمُ الْعَفُوُّ الرَّؤُوفُ مَالِكُ الْمُلْكِ ذُو الْجَلَالِ وَالْإِكْرَامِ الْمُقْسِطُ الْمَانِعُ الْغَنِيُّ الْمُغْنِي الْجَامِعُ الضَّارُّ النَّافِعُ النُّورُ الْهَادِي الْبَدِيعُ الْبَاقِي الْوَارِثُ الرَّشِيدُ الصبور)

الراوي : أَبُو هُرَيْرَةَ |المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 805 | خلاصة حكم المحدث: صحيح دون سرد الاسماء

বাংলা

৮০৫. আবূ হুরাইরা রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন, “নিশ্চয়ই আল্লাহর নিরানব্বইটি –এক কম একশত- নাম রয়েছে। তিনি বেজোড় আর তিনি বেজোড়কে ভালবাসেন। যে ব্যক্তি তা মুখস্ত করবে, সে জান্নাতে প্রবেশ করবে। তিনি আল্লাহ, তিনি ছাড়া প্রকৃত কোন মা‘বূদ নেই। তিনি সর্বদয়ালূ, অধিপতি, পুতঃপবিত্র, দোষ-ত্রুটি মুক্ত, নিরাপত্তা দানকারী, সৃষ্টির কর্ম-পরিবেষ্টনকারী, পরাক্রমশালী, প্রতাপান্বিত, সর্বোচ্চ, সৃষ্টিকর্তা, সকল কিছুর উদ্ভাবক, আকৃতিদানকারী, অতীব ক্ষমাশীল, মহাপ্রতাপশালী, দানশীল, রিযিকদাতা, উত্তম ফায়সালাকারী, সর্বজ্ঞ, সংকোচনকারী, প্রশস্ততা দানকারী, অবনমনকারী, সমুন্নতকারী, সম্মানদানকারী, অপদস্তকারী, সর্বশ্রোতা, সর্বদ্রষ্টা, বিধান দানকারী, ন্যায়নিষ্ঠ, সুক্ষদর্শী, সর্ববিষয়ে সম্যক অবগত, সুমহান, ক্ষমাশীল, প্রতিদান দানকারী, সর্বোচ্চ, সবচেয়ে বড়, হেফাযতকারী, ক্ষমতাবান (অথবা জীবিকা দানকারী), হিসাব গ্রহণকারী, মর্যাদাবান, দানশীল, পর্যবেক্ষনকারী, সুপ্রশস্ত, প্রজ্ঞাময়, প্রেমময়, সম্মানিত, ডাকে সাড়া দানকারী, পুনরুজ্জীবনকারী, প্রত্যক্ষদর্শী, চিরঞ্জীব, কর্মবিধায়ক, মহাশক্তিশালী, সুদৃঢ়-মজবুত, সাহায্যকারী-অভিভাবক, প্রশংসিত, পরিবেষ্টনকারী, নতুন সৃষ্টিকারী, পুণরায় আনয়নকারী, জীবনদানকারী, মৃত্যুদানকারী, চিরঞ্জীব, চিরন্তন, অস্তিত্ব দানকারী, মর্যাদাবান, এক ও একক, অমুখাপেক্ষী, ক্ষমতাবান, শক্তিধর, অগ্রে প্রেরণকারী, পশ্চাতে প্রেরণকারী, তিনি প্রথম, তিনি শেষ, তিনি প্রকাশ্য, তিনি গোপন, সুমহান, সুকর্ম সম্পাদনকারী, তাওবা গ্রহণকারী, প্রতিশোধ গ্রহণকারী, পরম ক্ষমাশীল, দয়াপরবশ, রাজত্বের অধিপতি, মর্যাদা ও মহানুভবতার অধিকারী, ইনসাফকারী, বাধা দানকারী, মুখাপেক্ষীহীন, একত্রিতকারী, ক্ষতি সাধনকারী, উপকার সাধনকারী, আলো, পথ প্রদর্শনকারী, নতুনভাবে সৃষ্টিকারী, চির অস্তিত্বশীল, উত্তরাধিকারী, পথ প্রদর্শক, পরম ধৈর্যশীল।”[1]

ফুটনোট

[1] তিরমিযী: ৩৫০৭; বাগাবী: ১২৫৭; হাকিম: ১/১৬।

আল্লামা শুআইব আল আরনাঊত রহিমাহুল্লাহ হাদীসটির ব্যাপারে স্পষ্টভাবে কোন মন্তব্য করেননি। আল্লামা নাসিরুদ্দিন রহিমাহুল্লাহ হাদীসটিকে নামগুলো ছাড়া বাকী অংশ সহীহ বলেছেন। (আল মিশকাত: ২২৮৮।)

হাদিসের মান: সহিহ/যঈফ [মিশ্রিত] পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ আবূ হুরায়রা (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=89308

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন